

**একাদশ শ্রেণিতে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে Online-এ ভর্তিকৃত শিক্ষার্থীদের কলেজ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন কলেজ/স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান এবং একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে Online-এ ভর্তিকৃত ও eSIF-কৃত আগ্রহী শিক্ষার্থীদের কলেজ পরিবর্তনের আবেদন বোর্ডে গ্রহণের সময় আগামী ২৭/০৪/২০২৩ তারিখ থেকে ২৪/০৫/২০২৩ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। শিক্ষাবোর্ডের www.bise-ctg.gov.bd ওয়েবসাইটে এই নোটিশের সাথে প্রদর্শিত কলেজ/বোর্ড পরিবর্তনের আবেদন করণের নিয়মাবলী শুরুত্বের সাথে অনুসরণ পূর্বক ফরম পূরণ করে নির্ধারিত ফি ও প্রামাণ্য কাগজপত্রসহ উক্ত নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডের কলেজ শাখায় আবেদন জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না।

\* ছাড়পত্রের মাধ্যমে কলেজ/ বোর্ড পরিবর্তনের প্রত্যয়ন/ সুপারিশ দানের ক্ষেত্রে কলেজ অধ্যক্ষগণকে নিম্নোক্ত বিষয়সমূহ শুরুত্বের সাথে অনুসরণ করতে হবে :-

- ১। কলেজের চাহিত ন্যূনতম জিপিএ এবং শিক্ষার্থীর পঠিত বিষয়ের মিল থাকে সাপেক্ষে বিভাগসমূহে (বিজ্ঞান/ মানবিক/ব্যবসায় শিক্ষা/ গার্হস্থ্য বিজ্ঞান) আসন শূন্য থাকলে বা কোন কারণে শূন্য হলে ছাড়পত্রের মাধ্যমে কোন শিক্ষার্থী ভর্তির সুপারিশ করা যাবে।
- ২। পঠিত বিষয়ের সমর্থনে eSIF/রেজিস্ট্রেশন এর সত্যায়িত কপি এবং বিষয় পরিবর্তনের ক্ষেত্রে বোর্ডের আদেশের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ও eSIF এর ক্রমিক উল্লেখ করতে হবে।
- ৩। আবেদন ফরমের সকল প্রয়োজনীয় তথ্য ও শর্তপূরণ করতে হবে।
- ৪। সুপারিশকৃত আবেদনের ফটোকপি সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করতে হবে।

\* ছাড়পত্রের মাধ্যমে কলেজ/ বোর্ড পরিবর্তনের ক্ষেত্রে কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে :-

- ১। আবেদনপত্রের সাথে শিক্ষার্থীর এলএসসি বা সমমান পরীক্ষার মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট-এর ফটোকপি, উচ্চ মাধ্যমিক পর্যায়ে অনলাইন ভর্তির সমর্থনে eSIF / রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ২। অত্র বোর্ডের আওতাধীন এলাকায় কলেজ পরিবর্তনের ক্ষেত্রে ফি-১০০০/- (এক হাজার) টাকা/ আন্তঃবোর্ড পরিবর্তনের ক্ষেত্রে ফি-১২০০/- (এক হাজার দুইশত) টাকা সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে মুরাদপুর বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিয়ে ব্যাংক রশিদের কপি কলেজ শাখার জন্য সংশ্লিষ্ট অংশটি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে (ডি.ডি/ পে-অর্ডারও বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিতে পারবে)। অত্রবোর্ডের ব্যাংক বুথে জমা ব্যতীত কোন নগদ অর্থ লেনদেন হয় না। অথবা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম এর www.bise-ctg.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে 'অনলাইন পেমেট ও তেলিকিই' আইকনে ক্লিক করে Payment Type ক্লিক করে কলেজ পরিবর্তনের ক্ষেত্রে "ছাড়পত্র (কলেজ পরিবর্তন)" অথবা বোর্ড পরিবর্তনের ক্ষেত্রে "ছাড়পত্র (বোর্ড পরিবর্তন)" সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য ও আবেদনকারীর মোবাইল নম্বর প্রদান করে Online Banking (বিকাশ, নগদ, রকেট)/বোর্ডের মাধ্যমে ফি পরিশোধ করে পে-ক্লিপ Print করে আবেদনের সাথে যুক্ত করে দিতে হবে। Online payment -এর ক্ষেত্রে পে-ক্লিপ ও আবেদনকারীর সঠিক মোবাইল নম্বর খুবই গুরুত্বপূর্ণ।
- ৩। কোন শিক্ষার্থী উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় সংশোধন/৪র্থ বিষয় বাতিল বা সংযোজন করে থাকলে এর স্বপক্ষে প্রামাণ্যপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে এবং পরিবর্তিত বিষয়ের সাথে বর্তমান কলেজ ও চাহিত কলেজের অনুমোদিত বিষয়ের সাথে মিল থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

*Ahmed*  
২৬/৪/২৩  
(প্রফেসর মোঃ জাহেদুল হক)  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।

অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ৩০/০৪/২০২৩ খ্রি.

**বিজ্ঞপ্তি**

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে Online-এ ভর্তিকৃত এবং eSIF-কৃত শিক্ষার্থীদের মধ্যে কলেজ পরিবর্তনের জন্য আগ্রহী শিক্ষার্থীকে ২৭/০৪/২০২৩ হতে ২৪/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে ফি ও প্রামাণ্য কাগজপত্রসহ বোর্ডে দাখিল করতে হবে।

*Ahmed*  
৩০/৪/২০২৩  
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

*Ahmed*  
৩০/৪/২০২৩